উত্তর : শিবাধীদের সুনাগরিক হিসাবে গড়ে তোলার দায়িত্ব অনেকাংশে শিবাপ্রতিষ্ঠানের উপর বার্তায়। বর্তমানে শারীরিক শিবাকে শিশুর সুস্থ প্রতিভার বিকাশ ও সামাজিকীকরণের জন্য অতীব গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে গণ্য করা হয়। তাই বাংলাদেশের মাধ্যমিক বিদ্যালয়ে শারীরিক শিবা বিষয়টির সঠিক বাস্তবায়ন প্রয়োজন। আমাদের দেশে মাধ্যমিক বিদ্যালয়ে অসংখ্য ছোট ছোট শিবাধীরা অধ্যয়ন করছে। এসব বিদ্যালয়ে শীতকালীন ও গ্রীষ্মকালীন সেশনে সরকারিভাবে দুটি ক্রীড়া অনুষ্ঠান ও বিনোদনমূলক প্রতিযোগিতা আয়োজনের ব্যবস্থা রয়েছে। কিন্তু বাস্তবে বেশিরভাগ বিদ্যালয় বাৎসরিক একটি ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করেই ক্রীড়া রেখে তাদের ক্রীড়া কার্যক্রম শেষ করে থাকে। এছাড়াও বিদ্যালয়গুলোতে রয়েছে সঠিক খেলার মাঠের অভাব এবং মানসম্মত ক্রীড়া সামগ্রীর ঘাটতি। অবকাঠামোগত এসব অসুবিধার কারণে খেলাধুলা করার সুযোগ থেকে বঞ্চিত হয়ে শিবাধীরা বেড়ে উঠলে ভবিষ্যতে জাতীয় স্বাস্থ্য হুমকির সম্মুখীন হবে। তাই অবকাঠামোগত অবস্থার উন্নয়ন ঘটাতে হবে। এজন্য দেশের প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত প্রতিটি বিদ্যালয়ে আবশ্যিকভাবে প্রাথমিক ক্রীড়া অবকাঠামো, ক্রীড়া সরঞ্জামাদি সরবরাহের ব্যবস্থা থাকতে হবে। প্রতিটি বিদ্যালয়ে ন্যূনতম ক্রীড়া অবকাঠামো হিসেবে একটি খেলার মাঠ, সাঁতারের জন্য একটি পুকুর অবশ্যই থাকতে হবে। আর এসব প্রয়োজনীয় অবকাঠামোগত সুবিধা শিবাধী পেলে খেলাধুলায় অংশগ্রহণ করার মাধ্যমে শারীরিক, মানসিক এবং সামাজিক গুণাবলি অর্জন করে নিজেকে সুনাগরিক হিসাবে গড়ে তুলতে পারবে।

প্রশ্ন ২ ২ ২ জীবন রবার জন্য সাঁতার জানা অপরিহার্য— ব্যাখ্যা কর।

উত্তর : সাঁতার প্রতিযোগিতামূলক একটি ক্রীড়া কৌশল। এটি একটি পূর্ণাঙ্গ ব্যায়াম। কেননা সাঁতারের সাহায্যে দেহের সকল অঙ্গের ব্যায়াম হয়। তবে সাঁতারের সবচেয়ে কার্যকর দিক হচ্ছে খেলাধুলার বাহিরেও জীবন রবার সহায়তা করে। আমরা দেখি সাঁতার না জানার কারণে অনেকে বিভিন্ন সময় দুর্ঘটনায় পড়ে এমনকি মৃত্যুবরণ করে। সাঁতার না

জানার কারণে এ ধরনের মৃত্যু কোনভাবেই কাঙ্ক্ষিত নয়। বিদ্যালয়ে পুকুর বা সুইমিংপুল থাকলে সেখানে শিবাধীরা সাঁতার শিখে নিতে পারবে। ফলে পানিতে পড়ে দুর্ঘটনা ঘটান হাত থেকে রবা পাবে। এই দৃষ্টিকোণ থেকে বলা যায়, জীবন রবার জন্য সাঁতার জানা অপরিহার্য।

প্রশ্ন ৩ ৩ ৩ ভালো হকি খেলোয়াড় হতে হলে স্টপিং ও ড্রিবলিং আয়ত্ত করার বিকল্প নেই— মতামত দাও।

উত্তর : হকি খেলার ছয়টি মৌলিক কৌশল রয়েছে। তার মধ্যে দুইটি হলো স্টপিং ও ড্রিবলিং। আগত বল আয়ত্তে আনা এবং পূর্ণ নিয়ন্ত্রণ অর্জন করার জন্য যে কৌশল প্রয়োগ করা হয় তাকে স্টপিং বলে। আর বলসহ সামনে এগিয়ে যাওয়াকে ড্রিবলিং বলে। বিপক্ষে ধোঁকা দেয়া এবং বিপক্ষের গোলপোস্টের দিকে বল নিয়ে এগিয়ে যাওয়ার জন্য ড্রিবলিং কার্যকর কৌশল। স্টপিং আয়ত্তে না আসলে হকি খেলোয়াড় কোনো বল নিয়ন্ত্রণে নিতে পারবে না। আবার ড্রিবলিং আয়ত্তে না আসলে তার পক্ষে গোল করা এবং সহখেলোয়াড়দের সাথে বল আদান-প্রদান করা অসম্ভব হয়ে পড়বে। তাই ভালো হকি খেলোয়াড় হতে হলে স্টপিং ও ড্রিবলিং আয়ত্ত করার বিকল্প নেই বলে আমি মনে করি।

প্রশ্ন ৪ ৪ ৪ দ্রুতগতির ফুটওয়ার্কই ভালো ব্যাডমিন্টন খেলোয়াড় হওয়ার পূর্বশর্ত— ব্যাখ্যা কর।

উত্তর : ব্যাডমিন্টন খুব দ্রুতগতির খেলা। তাই পায়ের কাজ খুব দ্রুত হয়ে থাকে। কাজেই বিভিন্ন অবস্থার পরিপ্রেক্ষিতে খুব দ্রুত গতিতেই নিজেকে খাপ খাইয়ে নেওয়ার প্রয়োজন দেখা দেয়। এ ব্যাপারে পায়ের কাজটা সবচেয়ে বেশি। দ্রুত গতির খেলায় ফুটওয়ার্ক ভালো না হলে শাটল কক সঠিকভাবে সঠিক স্থানে পাঠানো বা ফেরানো যায় না। ভালো ফুটওয়ার্ক আয়ত্ত করতে পারলেই একজন খেলোয়াড় দ্রুততার সাথে শাটল ককের কাছে পৌঁছতে পারে এবং পছন্দমতো কোর্টে শাটল কক ফেরত পাঠাতে পারে। সুতরাং দ্রুতগতির ফুটওয়ার্কই ভালো ব্যাডমিন্টন খেলোয়াড় হওয়ার পূর্বশর্ত।

প্রশ্ন ৫ ৫ ৫ বাস্কেটবল খেলতে হলে ভায়োলেশন সম্পর্কে জানতে হবে— মতামত দাও।

উত্তর : বাস্কেটবল একটি নিয়মতান্ত্রিক খেলা। সুনির্দিষ্ট আইন কানুনের সাহায্যে বাস্কেটবল খেলতে হয়। আর ভায়োলেশন হচ্ছে আইন অমান্য করা। অর্থাৎ খেলার বিবিধ নিয়ম ভঙ্গ করাকেই ভায়োলেশন বলে। কোন খেলোয়াড় ভায়োলেশনের আওতায় পড়বে—

১. বিনা ড্রিবলিংয়ে বল নিয়ে দুই স্টেপের বেশি হাঁটলে বা দৌড়ালে।
২. বল হাতে করে দুই পা এদিক-সেদিক নড়াচড়া করলে।
৩. দুই হাত দিয়ে বল ড্রিবলিং করলে।
৪. নিজ দলের আয়ত্তে বল থাকার সময় বিপর দলের সংরক্ষিত এলাকার ভিতরে তিন সেকেন্ডের বেশি অবস্থান করলে।
৫. পাঁচ সেকেন্ডের বেশি বলকে ধরে রাখলে।
৬. নিজ অর্ধের মধ্যে থেকে বিপর দলের অর্ধেক মাঠে ৮ সেকেন্ডের মধ্যে বল বাস্কেটে ফেলার চেষ্টা না করলে।

সুতরাং ভায়োলেশন সংক্রান্ত বিষয়গুলো না জানলে বাস্কেটবল খেলোয়াড় হওয়া সম্ভব নয়।



গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

প্রশ্ন ১৭ ৥ হ্যাডবল খেলায় কী কী কারণে ফ্রি থ্রো দেওয়া হয় লিখ।

উত্তর : হ্যাডবল খেলায় দুইটি পর্ব থাকে। খেলার সময় এক পর্বের খেলোয়াড়দের ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃত নিয়ম ভঙ্গের কারণে শাস্তিস্বরূপ প বিপর দল একটি ফ্রি থ্রো পায়। নিচের হ্যাডবল খেলায় বিপর দলকে ফ্রি থ্রো দেয়ার কারণগুলো উল্লেখ করা হলো :

১. গোলরক্ষক নিয়ম ভঙ্গ করলে।
২. ত্রুটিপূর্ণভাবে খেলোয়াড় বদলি করলে।
৩. মাঠের খেলোয়াড় গোলসীমা আইন ভঙ্গ করলে।
৪. প্রতিপক্ষের প্রতি অবৈধ আচরণ করলে।
৫. ত্রুটিপূর্ণ থ্রো-ইন করলে।
৬. যে কোনো থ্রো করতে ভুল করলে।
৭. ত্রুটিপূর্ণ থ্রো-অফ করলে।
৮. অখেলোয়াড়োচিত আচরণ করলে।
৯. গোলরক্ষক গোলসীমার বাইরের বল নিয়ে গোলসীমায় প্রবেশ করলে।
১০. গোলরক্ষকের কাছে গোলসীমায় ব্যাকপাস করলে।

প্রশ্ন ১৮ ৥ প্রতিযোগিতামূলক সঁতার কত প্রকারও কী কী? প্রজাপতি সঁতারের নিয়মাবলি লিখ।

উত্তর : প্রতিযোগিতামূলক সঁতারের প্রকারভেদ : প্রতিযোগিতামূলক সঁতার চার প্রকার। যথা : ১. মুক্ত সঁতার ; ২. চিৎ সঁতার ; ৩. বুক সঁতার ও ৪. প্রজাপতি সঁতার।

প্রজাপতি সঁতারের নিয়মাবলি : প্রজাপতি সঁতারে শরীর খুব দ্রুত ওঠানামা করে। প্রতিযোগিতামূলক সঁতারের মধ্যে এই সঁতারটি সবচেয়ে কঠিন। তাই এই সঁতারে ভালো করার জন্য সঁতারকে নির্দিষ্ট নিয়মাবলি অনুসরণ করে বারবার অনুশীলন করতে হয়। নিচে প্রজাপতি সঁতারের নিয়মাবলি বর্ণনা করা হলো :

১. প্রজাপতি সঁতার আরম্ভ বরকে ওঠে ঝাঁপ দিয়ে শুরব করতে হয়।
২. এই সঁতার বুকের উপর ভর করে কাটতে হয়।
৩. লেন পরিবর্তন করা যাবে না।
৪. পায়ের পাতা দিয়ে কিক মারতে হবে।
৫. প্রতি স্ট্রোকে নিঃশ্বাস না নিলেও চলবে।
৬. হাত কোমরের পেছনে যেতে পারে।
৭. টার্নিং এর সময় দুই হাত দিয়ে একসাথে ওয়াল স্পর্শ করতে হবে।
৮. সমাপ্তি রেখায় দুই হাত একসাথে স্পর্শ করতে হবে।

প্রশ্ন ১৬ ৥ ফলস্ স্টার্ট একজন ক্রীড়াবিদকে প্রতিযোগিতার অযোগ্য করে তোলে— ব্যাখ্যা কর।

উত্তর : ফলস্ স্টার্ট একজন অ্যাথলেটসের ক্রীড়া প্রতিযোগিতার জন্য সবচেয়ে বড় অযোগ্যতা। সাধারণত যেসব ক্রীড়া প্রতিযোগিতার কোনো প্রতিযোগী এককভাবে তার ইভেন্টে শুরব করে সেখানে ফলস্ স্টার্টের সম্ভাবনা দেখা দেয়। যেমন— স্প্রিন্ট আরম্ভের সময় আরম্ভকারী বলবেন—অন—ইওর মার্ক, সেট, বাঁশির শব্দ। মধ্যম ও দীর্ঘ দূরত্বে দৌড়ের সময় তিনি বলবেন— অন ইওর মার্ক, বাঁশির শব্দ। একজন প্রতিযোগী এ বিষয়গুলোর প্রতি বিশেষ দৃষ্টি রেখে প্রতিযোগিতার প্রস্তুতি নিয়ে প্রতিযোগিতায় অংশ নিবে। এগুলো তাকে সঠিক স্টার্ট নিতে সাহায্য করবে। আর এগুলোর প্রতি লব না রাখলে তার স্টার্ট ফলস্ হওয়ার সম্ভাবনাই বেশি থাকবে। কিন্তু সে একবারও ফলস্ স্টার্ট নিতে পারবে না। নিলে অযোগ্য বলে গণ্য হবে। সুতরাং দেখা যাচ্ছে ফলস্ স্টার্ট একজন ক্রীড়াবিদকে সেই ইভেন্টে টিকে থাকার অযোগ্য ঘোষণা করার মাধ্যমে প্রতিযোগিতার অযোগ্য করে তোলে।



প্রশ্ন ১৯ ৥ ব্যাডমিন্টন খেলায় কী কী কারণে সার্ভিস ফল্ট হয়?

উত্তর : ব্যাডমিন্টন খেলায় একজন খেলোয়াড়কে খেলার নিয়ম কানুন মেনে খেলার শুরবতে এবং প্রতি পয়েন্টের শুরবতে প্রতিপর্বের কোর্টে শাটল কক পাঠাতে হয়। এভাবে প্রতিপর্বের কোর্টে শাটল কক পাঠানোকে সার্ভিস বলে। বিভিন্ন কারণে একজন খেলোয়াড়ের সার্ভিস ফল্ট হতে পারে। নিচে সার্ভিস ফল্ট হওয়ার কারণগুলো উল্লেখ করা হলো :

১. শাটল ককটি কোণাকুণি কোর্টে না পড়লে।
২. সার্ভিসের সময় কোর্ট থেকে যে কোনো পা শূন্যে উঠে গেলে।
৩. শাটল ককটি শর্ট সার্ভিস এরিয়ায় বা লং সার্ভিস এরিয়ায় পড়লে।
৪. শাটল ককটি কোর্টের বাইরে পড়লে।
৫. শাটল ককটি হাত থেকে ছেড়ে সার্ভিস না করলে।
৬. শাটল ককটি কোমরের উপরে তুলে সার্ভিস করলে।
৭. শাটল ককটি যদি নেটে আটকে যায়।
৮. সার্ভিস করার সময় কোর্টের দাগ স্পর্শ করলে।
৯. সার্ভিসকারী ইচ্ছাকৃতভাবে বিপর খেলোয়াড়কে ধোঁকা দিলে।

প্রশ্ন ১০ ৥ বাস্কেটবল খেলায় ফাউল এবং ভায়োলেশন কী? এই খেলার তিনটি ভায়োলেশন ব্যাখ্যা কর।

উত্তর : বাস্কেটবল খেলায় ফাউল এবং ভায়োলেশন : বাস্কেটবল খেলায় খেলা চলাকালীন সময় যদি একজন খেলোয়াড়ের সাথে বিপর একজন খেলোয়াড়ের ইচ্ছাকৃত সংঘর্ষ হয় তাহলে সেটা ফাউল। আর ভায়োলেশন হচ্ছে খেলার আইন অমান্য করা। অর্থাৎ খেলা চলাকালীন সময় খেলোয়াড় কর্তৃক খেলার বিবিধ নিয়ম ভঙ্গ করাকেই ভায়োলেশন বলে।

বাস্কেটবল খেলার তিনটি ভায়োলেশন : বাস্কেটবল একটি আন্তর্জাতিক খেলা। তাই এই খেলায় খেলোয়াড়দের বেশ কিছু নিয়ম মেনে চলতে হয়। তবে অনেক সময় তারা এসব নিয়ম যথাযথভাবে মেনে চলতে পারে না। ফলে তাদের ভায়োলেশনের কারণে শাস্তি ভোগ করতে হয়। নিচে এই খেলার তিনটি ভায়োলেশন ব্যাখ্যা করা হলো :

১. বিনা ড্রিবলিংয়ে দুই স্টেপের বেশি বল নিয়ে হাঁটা : বাস্কেটবল খেলায় খেলোয়াড়দের বল ড্রিবলিং করতে করতে সামনের দিকে এগিয়ে যেতে হয়। কিন্তু এভাবে কোনো খেলোয়াড় যদি বল হাতে নিয়ে বিনা ড্রিবলিংয়ে দুই স্টেপ বা তার বেশি হাঁটে বা দৌড়ায় তাহলে তা ভায়োলেশনের পর্যায় পড়ে।

২. রেস্ট্রিকটেড এরিয়ায় তিন সেকেন্ডের বেশি অবস্থান করা : বাস্কেটবল খেলার নিয়ম অনুযায়ী যে দলের খেলোয়াড় বল নিয়ন্ত্রণ করছে সেই দলের কোনো খেলোয়াড় রেস্ট্রিকটেড এরিয়ার বল ছাড়া তিন সেকেন্ডের বেশি সময় অবস্থান করতে পারবে না। এমনকি দাগও স্পর্শ করতে পারবে না। যদি কোনো খেলোয়াড় তা করে তাহলে ভায়োলেশন হিসেবে গণ্য হবে।
৩. পঁচ সেকেন্ডের বেশি বল ধরে রাখা : বাস্কেটবল খেলায় কোনো খেলোয়াড় পঁচ সেকেন্ডের বেশি সময় বল নিজের কাছে রাখতে পারে না। রেফারির সংকেতের পর বল যার কাছে থাকবে তাকে অবশ্যই পঁচ সেকেন্ডের মধ্যে বল থ্রো করতে হবে। অন্যথায় ভায়োলেশন বলে গণ্য হবে।

প্রশ্ন ১১ ৥ প্রতিযোগিতামূলক সঁতার কত প্রকার ও কী কী? মুক্ত সঁতারের নিয়মাবলি লিখ।

উত্তর : প্রতিযোগিতামূলক সঁতারের প্রকারভেদ : প্রতিযোগিতামূলক সঁতার চার প্রকার। যথা : ১. মুক্ত সঁতার; ২. চিৎ সঁতার; ৩. বুক সঁতার ও ৪. প্রজাপতি সঁতার।

মুক্ত সঁতারের নিয়মাবলি : মুক্ত সঁতার পদ্ধতিতে খুব দ্রুত সঁতার কাটা যায়। তবে সঁতার প্রতিযোগিতায় এই পদ্ধতিতে সঁতার কাটার বেত্রে প্রতিযোগিতা নির্দিষ্ট কিছু নিয়ম অনুসরণ করে যা নিচে দেওয়া হলো :

১. মুক্ত সঁতার আরম্ভ বরকে ওঠে শুরব করতে হয়।
২. মুক্ত সঁতার উপড় হয়ে সঁতার কাটতে হয়।
৩. পা পানির নিচে সাধারণত ১২-১৮ ইঞ্চি পরিমাণে যায়।
৪. অন্য প্রতিযোগীর লেনে গিয়ে বাধার সৃষ্টি করতে পারবে না।
৫. পানির নিচ দিয়ে সঁতার কাটা যাবে না।
৬. টার্নিংয়ের সময় শরীরের যে কোনো অংশ স্পর্শ করে টার্নিং নেয়া যাবে।
৭. সমাপ্তি যেকোনো অবস্থায় করা যাবে।
৮. হাতের কাজ পানির নিচে S - এর মতো হবে।

প্রশ্ন ১২ ৥ অ্যাথলেটিকসকে কয়ভাগে ভাগ করা যায়? এর ইভেন্টগুলো ধারাবাহিকভাবে লিখ।

উত্তর : খেলাধুলার বেত্রে দৌড়, ঝাঁপ ও নিবেপকে অ্যাথলেটিকস বলা হয়। অ্যাথলেটিকসকে দুই ভাগে ভাগ করা যায়। যথা : ১. ট্রাক ইভেন্ট ও ২. ফিল্ড ইভেন্ট।

ট্রাক ইভেন্টকে নিম্নলিখিতভাগে ভাগ করা হয়:

১. স্বল্প দূরত্বের দৌড় : ১০০ মিটার স্প্রিন্ট, ২০০ মিটার স্প্রিন্ট, ৪ × ১০০ মিটার রিলে, ৪০০ মিটার হার্ডেল।

২. মধ্যম দূরত্বের দৌড় : ৮০০ মিটার দৌড়, ১৫০০ মিটার দৌড়, ৪ × ৪০০ মিটার রিলে।

৩. দীর্ঘ দূরত্বের দৌড় : ৩০০০ মিটার স্টিপল চেজ (পুরবষ), ৫০০০ মিটার দৌড়, ৫০ কিলোমিটার হাঁটা।

ফিল্ড ইভেন্টকে নিম্নলিখিত ভাগে ভাগ করা হয়—

১. লাফ বিভাগ : দীর্ঘ লাফ, উচ্চলাফ, ত্রি-লাফ ও পোলজট।
২. নিবেপ বিভাগ : গোলক নিবেপ, চাকতি নিবেপ, বর্শা নিবেপ ও হাতুড়ি নিবেপ।

প্রশ্ন ১৩ ৥ ব্যাডমিন্টন খেলায় রয়াকেট ধরাসহ সার্ভিস করার কৌশল বর্ণনা কর।

উত্তর : ব্যাডমিন্টন খেলায় ভালো করার জন্য খেলার মৌলিক কৌশলগুলো ভালোভাবে আয়ত্ত করতে হয়। রয়াকেট ধরা ও সার্ভিস করা ব্যাডমিন্টন খেলার মৌলিক কৌশলগুলোর মধ্যে অন্যতম। নিচে এই দুইটি কৌশল বর্ণনা করা হলো :

রয়াকেট ধরা : রয়াকেট সঠিকভাবে ধরার ওপরই ব্যাডমিন্টন খেলা অনেকটা নির্ভর করে। কাজেই সঠিকভাবে রয়াকেট ধরা শেখার জন্য মনে রাখতে হবে যে বাম হাতে রয়াকেটের মাথা ধরে খাড়াভাবে মাটিতে রেখে ধরে রাখতে হয়। তারপর ডান হাতের তালু উপড় করে গ্রিপের শেষ প্রান্তে রেখে বৃন্দাজুলি ও তর্জনি সামনের দিকে প্রসারিত করে ইংরেজি 'V' বর্ণের মতো করে গ্রিপ ধরতে হয়। ভালো গ্রিপ ধরা আয়ত্তে এলে ভালো খেলতে সাহায্য করে।

সার্ভিস করা : একজন খেলোয়াড় নিয়মকানুন মেনে খেলার শুরবতে এবং প্রতি পয়েন্টের শুরবতে প্রতিপক্ষের কোর্টে শাটল কক পাঠানোকে সার্ভিস বলে। এই সার্ভিসের মাধ্যমে শাটল খেলার মধ্যে আনা হয়। সার্ভিস করার সময় পা ঝাঁক করে বাম পা ডান পায়ের কিছুটা সামনে নিয়ে দাঁড়াতে হয়। শরীরের ওজন পিছনের পায়ের ওপর রাখতে হয়। বাম হাতে শাটল কক ধরে, ডান হাতের রয়াকেটকে পিছনের দিক থেকে আনার মুহূর্তে শাটল কক ছেড়ে দিয়ে কোমরের নিচে আঘাত করে বিপর কোর্টে পাঠাতে হয়। শাটল কক ও রয়াকেটের সংযোগের সাথে সাথে দেহের ওজন বাম পায়ের ওপর নিয়ে আসতে হয়। সার্ভিস দুই প্রকার— শর্ট সার্ভিস ও লং সার্ভিস। শর্ট সার্ভিসে নেটের কাছাকাছি বিপর কোর্টে সার্ভিস কোর্টে শাটল কক পাঠানো হয় এবং লং সার্ভিসে কোর্টের পিছনের অংশে পাঠানো হয়।



অতিরিক্ত সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

প্রশ্ন ১৪ ৥ সূনাগরিক গঠনে খেলাধুলার ভূমিকা বর্ণনা কর।

[ইনজিনিয়ারিং ইউনিভারসিটি স্কুল এন্ড কলেজ, ঢাকা]

উত্তর : খেলাধুলা শরীর ও মনকে সতেজ রাখে। শরীর ও মনের যৌথ বোঝাপড়ার ওপরই নির্ভর করে তার ভবিষ্যৎ জীবনের সুখ-সমৃদ্ধি। খেলাধুলা তাই মন ও শরীর গঠনের অন্যতম উৎস। খেলাধুলার মাধ্যমে মানুষ খুঁজে পায় জীবন বিকাশের পথ, পায় জীবন সংগ্রামের দৃঢ় মনোবল। লাভ করে সাফল্য, উচ্ছ্বাস ও পরাজয়ের গরানিকে সহজভাবে মেনে নেয়ার দুর্লভ মানসিকতা। জীবনকে পরিচ্ছন্ন, গতিময় ও সাবলীল করার অন্যতম মাধ্যম হচ্ছে এই খেলাধুলা। খেলাধুলার ধ্যান-ধারণার জন্য ছেলেরা কোনো অসামাজিক কার্যকলাপে নিজেদের জড়ায় না। সমাজের বড়দেরকে যথাযথ সম্মান করতে শেখে। হার জিতের যে ফলাফলটা সেটা ওদেরকে শক্ত করতে শেখায়, পাশাপাশি বাস্তববাদী করে তোলে। প্রকৃতপরে এভাবেই




খেলাধুলার দ্বারা শিবার্থীরা শারীরিক, মানসিক ও সামাজিক গুণাবলি অর্জনের মাধ্যমে সূনাগরিক হিসেবে গড়ে ওঠে।

প্রশ্ন ১৫ ৥ পরিমাণসহ একটি ব্যাডমিন্টন কোর্ট (দৈত) অঙ্কন কর।

[রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

উত্তর : ১৮-৭০ সালে ভারতে সর্বপ্রথম ব্যাডমিন্টন খেলা চালু হয়। ব্যাডমিন্টন খেলার কোর্ট দুই ধরনের হয়। যথা : একক ও দৈত। একক কোর্টের দৈর্ঘ্য ৪৪ ফুট এবং প্রস্থ ১৭ ফুট হয়। আর দৈত কোর্টের দৈর্ঘ্য ৪৪ ফুট এবং প্রস্থ ২০ ফুট হয়। কোর্টের সকল দাগ হলুদ বা সাদা হয়। নিচে ব্যাডমিন্টন খেলার একটি কোর্ট (দৈত) অঙ্কন করা হলো :



প্রশ্ন ১৬ ৥ ব্যাডমিন্টন খেলার জন্ম ইতিহাসসহ এই খেলার যেকোনো তিনটি আইনকানুন লেখ।

উত্তর : ব্যাডমিন্টন খেলার জন্ম ও ইতিহাস : ১৮৭০ সালে ভারতের পুনায় প্রথম ব্যাডমিন্টন খেলা শুরব হয়েছিল। জর্নৈক ইংরেজ সৈনিক কর্তৃক এই খেলা ভারত থেকে ইংল্যান্ডে নিয়ে যাওয়ার আগে তেমন জনপ্রিয় ছিল না। বো-ফোন্টের ডিউক ব্যাডমিন্টন খেলায় খুব আগ্রহী ছিলেন এবং তার গ্রামের নাম ব্যাডমিন্টন থেকে এই নামের উৎপত্তি। এ খেলা প্রথম অনুষ্ঠিত হয়েছিল ইংল্যান্ডের গব্বসেস্টার সায়ারে বো-ফোন্টের ডিউকের নিজ বাড়িতে। ১৯৩৪ সালে International Badminton Federation (IBF) ইংল্যান্ডের সিলটেন হামে প্রতিষ্ঠিত হয়। এরপর Asian Badminton Federation (ABF) গঠিত হয় ১৯৫৯ সালে। ১৯৬৬ সালে এশিয়ান গেমসে ব্যাডমিন্টন খেলা অন্তর্ভুক্ত করা হয়। ১৯৭১ সালে গঠন করা হয় Bangladesh Badminton Federation (BBF)। বাংলাদেশে ব্যাডমিন্টন একটি জনপ্রিয় খেলা। গ্রামে-গঞ্জে সকল বয়সের খেলোয়াড় এই খেলা খেলে থাকেন।

ব্যাডমিন্টন খেলার আইনকানুন : ব্যাডমিন্টন একটি আন্তর্জাতিক খেলা। সারাবিশ্বে এই খেলাটি কিছু আন্তর্জাতিক আইনকানুন অনুসরণ করে খেলা হয়। নিচে ব্যাডমিন্টন খেলার তিনটি আইন উল্লেখ করা হলো :

১. খেলার কোর্ট : ব্যাডমিন্টন খেলার কোর্ট দুই ধরনের হয়ে থাকে একক ও দ্বৈত। একক কোর্টের দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে ৪৪ ফুট ও ১৭ ফুট এবং দ্বৈত কোর্টের দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে ৪৪ ফুট ও ২০ ফুট।
২. কোর্টের দাগ : সকল দাগের রং হলুদ বা সাদা হবে এবং দাগগুলো ৪০ মিলিমিটার চওড়া হবে।
৩. গেম : একক ও দ্বৈত উভয় খেলায় ২১ পয়েন্টে গেম হয়। উভয় খেলোয়াড় বা দল ২০-২০ পয়েন্ট অর্জন করলে সেবেত্রে ২ পয়েন্টের ব্যবধানে এগিয়ে থেকে জয়লাভ করতে হবে, অর্থাৎ ২২-২০, ২৫-২৩ পয়েন্টে। উভয় দলের পয়েন্ট সমান হওয়াকে ডিউস বলে। মনে রাখতে হবে, এভাবে সর্বোচ্চ ৩০ পয়েন্টের মধ্যে অবশ্যই গেম শেষ করতে হবে। তিনটি গেমের মধ্যে যে বা যে দল দুই খেলায় জিতবে, সে বা সেই দল বিজয়ী হবে।

প্রশ্ন ১৭ ৥ ব্যাডমিন্টন খেলায় ডিউস কাকে বলে? ব্যাডমিন্টন খেলার মৌলিক কলাকৌশলগুলো বর্ণনা কর।

উত্তর : ডিউস : ব্যাডমিন্টন খেলায় একক ও দ্বৈত উভয় বেত্রে ২১ পয়েন্টে গেম হয়। উভয় খেলোয়াড় বা দল ২০-২০ পয়েন্ট অর্জন করলে সেবেত্রে ২ পয়েন্টের ব্যবধানে এগিয়ে থেকে জয়লাভ করতে হবে, অর্থাৎ ২২-২০, ২৫-২৩ পয়েন্টে। তবে কখনো কখনো উভয় দল সমান পয়েন্ট অর্জন করে। এভাবে উভয় দলের পয়েন্ট সমান হওয়াকে ডিউস বলে।

ব্যাডমিন্টন খেলার মৌলিক কলাকৌশল : ব্যাডমিন্টন খেলা ভালোভাবে আয়ত্ত করতে হলে প্রয়োজন হাত ও কজির নমনীয়তা এবং সেই সাথে খেলোয়াড়দের এই খেলার মৌলিক কলাকৌশলগুলো জানতে এবং প্রয়োগ করতে হয়। নিচে ব্যাডমিন্টন খেলার মৌলিক কলাকৌশলগুলো উল্লেখ করা হলো :

১. র্যাকেট ধরা
২. পায়ের কাজ
৩. সার্ভিস
৪. ফোরহ্যান্ড স্ট্রোক
৫. ব্যাকহ্যান্ড স্ট্রোক
৬. মাথার উপর দিয়ে মারা
৭. নেটের কাছে মারা

প্রশ্ন ১৮ ৥ বাস্কেটবল খেলার ইতিহাস লেখ। কী কী কারণে বাস্কেটবল খেলায় ফাউল হয় লেখ।

উত্তর : বাস্কেটবল খেলার ইতিহাস : বাস্কেটবল খেলার প্রথম প্রচলন হয় ১৮৮১ সালে আমেরিকায়। তবে প্রতিযোগিতামূলক খেলা শুরব হয় ১৮৯২ সাল থেকে। এ খেলার জনক হলেন আমেরিকার স্প্রিং ফিল্ডে ওয়াই.এম.সি.এ কলেজের শারীরিক শিবির পরিচালক ড. জেমস নেইসমিথ। ১৯৩২ সালে জার্মানিতে আন্তর্জাতিক বাস্কেটবল সংস্থা (FIBA) গঠিত হয়। ১৯৩৬ সালে বার্নিল অলিম্পিকে প্রথম প্রতিযোগিতামূলক খেলা হিসেবে বাস্কেটবল অন্তর্ভুক্ত হয়। আমেরিকার জাতীয় খেলা বাস্কেটবল। পৃথিবীর বহু দেশে এখন বাস্কেটবল জনপ্রিয় হয়ে উঠেছে। এই উপমহাদেশে প্রথম বাস্কেটবল খেলা শুরব হয় কলকাতার ওয়াইএমসিএ কলেজে ড. জন হেনরি গ্রেব উদ্যোগে। বাংলাদেশে খ্রিস্টান মিশনারি স্কুলগুলোতে প্রথম বাস্কেটবল খেলা শুরব হয়। ঢাকার সেন্ট গ্রেগরি, সেন্ট যোসেফ, চট্টগ্রামে সেন্ট পরাসিড ইত্যাদি স্কুল প্রথম বাস্কেটবল খেলা শুরব করে। বাংলাদেশে বাস্কেটবল ফেডারেশনের উদ্যোগে বর্তমানে দেশে আন্তঃস্কুল ও জাতীয় পর্যায়ে বাস্কেটবল প্রতিযোগিতা হয়। এছাড়া আন্তঃস্কুল, আন্তঃবিশ্ববিদ্যালয়, আন্তঃক্যাডেট কলেজ পর্যায়ে বাস্কেটবল প্রতিযোগিতা হয়।

বাস্কেটবল খেলায় ফাউল হওয়ার কারণ : বাস্কেটবল খেলায় যদি একজন খেলোয়াড়ের সাথে বিপদের একজন খেলোয়াড়ের ইচ্ছাকৃত সংঘর্ষ হয় তাহলে তাকে ফাউল বলে। নিচে ফাউল হওয়ার বিভিন্ন কারণ উল্লেখ করা হলো :

১. বিপকে ধরলে, ধাক্কা মারলে বা দুই হাত দিয়ে বিপদের অগ্রগতিতে বাধা দিলে এবং আঘাত করলে।
২. বল ড্রপ দিয়ে নিয়ে যাওয়ার সময় বিপদের কাউকে জোর করে সরিয়ে দিলে।
৩. যার হাতে বল নেই তার গায়ে ইচ্ছাকৃতভাবে ধাক্কা দিলে।
৪. বিপ খেলোয়াড় অথবা আশ্পায়ারের সাথে কোনোরূ প অসদাচরণ করলে।

প্রশ্ন ১৯ ৥ বাস্কেটবল খেলার কলাকৌশলগুলো বর্ণনা কর।

[নাসিরাবাদ সরকারি বালক উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]

উত্তর : বাস্কেটবল খেলাতে দরকার দম, দৌড়াবার বমতা, জাম্প দেয়ার বমতা এবং সাথে সাথে শরীরের বিপ্রতা। বাস্কেটবল খেলার মৌলিক কৌশলগুলো হলো :

১. দাঁড়াবার ভঙ্গি : বল নিয়ে দাঁড়াবার ভঙ্গিটি খেলার সময় বিশেষ তাৎপর্য বহন করে। কারণ খেলার অনেক সময়ই বল নিয়ে মুহূর্তের মধ্যে দাঁড়িয়ে পড়তে হয় সফল আক্রমণ ও প্রতিরোধ গড়ে তোলার জন্য। সঠিকভাবে দাঁড়াবার জন্য সব সময় পা দুটোকে ফাঁক করে হাঁটু সামান্য ভেঙে দাঁড়াতে হয়।
২. বল ধরা : হাতের তালু দিয়ে নয় সরাসরি আঙুল ব্যবহার করে বলটিকে ধরতে হয়। এতে বলটা দখলে থাকে।
৩. বল পাস করা : চেস্ট পাস, আন্ডার পাস, বাউন্স পাস, ওভারহেড পাস এগুলোর মাধ্যমে বল পাস করা হয়। তবে চেস্ট পাস সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ।

৪. ড্রিবলিং : হাতের কজি ও আঙুলগুলোর নিখুঁত ব্যবহারের মধ্য দিয়েই সুন্দরভাবে বলকে মাটিতে ঠেলে দিলেই বল লাফিয়ে ওঠে, তখন বল ধরা ও সঠিকভাবে নিয়ন্ত্রণ রাখা সম্ভব হয়। এ সময় দৃষ্টি সামনে রাখতে হয়।

৫. পায়ের উপর ঘোরা : যখন খেলোয়াড় বল নিয়ে দাঁড়িয়ে থাকে, একটি পা একই জায়গায় রেখে অন্য পা-টিকে যেকোনো দিকে যতবার ইচ্ছা ঘুরিয়ে নেয়। একে 'পিভটিং' বলে।

৬. বাস্কেটে বল ছোড়া : দুই উপায়ে বল বাস্কেটে ছোড়া হয়ে থাকে। যথা :
সেট শূট : এক জায়গায় দাঁড়িয়ে থেকে শূট করাকে সেট শূট বলে। সাধারণত ৪ থেকে ৮ মিটার দূর থেকে গোল করার জন্য এটি ব্যবহার করা হয়।

লে-আপ শূট : কাছ থেকে গোল করার জন্য লে-আপ শূট নেয়া হয়। ঘুরে পৌঁচিয়ে, প্রতিপক্ষকে পাস করে বল ড্রিবলিং করে হঠাৎ করে বাস্কেটের নিকট এসে শূট করাকে লে-আপ শূট বলে।

প্রশ্ন ২০ ৥ বাস্কেটবল খেলার বিভিন্ন শূটিং কৌশল বর্ণনা কর।


উত্তর : শূটিং বাস্কেট বল খেলার মৌলিক কৌশলগুলোর মধ্যে অন্যতম। খেলার সময় বল সরাসরি বাস্কেটের মধ্যে শূট করা যায়। আবার প্রথমে বোর্ডে সোজাসুজিভাবে লাগিয়ে রিথয়ের মধ্যে বল ঢুকানো যায়। নিম্নে বাস্কেট বল খেলার দুইটি শূটিং কৌশল বর্ণনা করা হলো :

১. সেট শূট : এক জায়গায় দাঁড়ানো অবস্থায় যে শূট করা হয়, তাকে সেট শূট বলে। এই শূট এক হাতে বা দুই হাতে করা যায়। এক হাত দিয়ে শূট করার সময় যে হাত দিয়ে শূট করা হয়, সে হাত বলের পিছনে থাকে এবং অন্য হাত বলের পাশে থাকে। শূটিংয়ের সময় পাশের হাত সরিয়ে নিচের হাত দিয়ে বলে ধাক্কা দিতে হয়। দুই হাতে শূটিংয়ের সময় উভয় হাত বলের পিছনে থাকে এবং উভয় হাত দিয়েই বল ঠেলে দিতে হয়। সাধারণত ৪ থেকে ৮ মিটার দূর থেকে গোল করার জন্য সেট শূট ব্যবহার করা হয়।

২. লে-আপ শূট : কাছ থেকে গোল করার জন্য লে-আপ শূট ব্যবহার করা হয়। এ ধরনের শূট করার জন্য খেলোয়াড় বল ড্রিবলিং করতে করতে সামনের দিকে এগিয়ে যায় এবং এক পা দিয়ে জোরে মেঝেতে আঘাত করে শরীর উঁচুতে তুলে নেয় এবং যে হাত দিয়ে বল মারবে সে হাত সম্পূর্ণ সোজা করে বল সোজাসুজি বাস্কেটে ফেলে অথবা বোর্ডে আঘাত করে বল বাস্কেটে ঢোকায় কায়দায় মারে।

প্রশ্ন ২১ ৥ বিভিন্ন পরিমাপসহ একটি হ্যান্ডবল মাঠের চিত্র অঙ্কন কর।

উত্তর : হ্যান্ডবল খেলার মাঠের দৈর্ঘ্য ৪০ মিটার এবং প্রস্থ ২০ মিটার হবে। ৪০ মিটার লাইনকে পার্শ্বরেখা এবং ২০ মিটার লাইনকে প্রান্তরেখা বলে। নিচে একটি হ্যান্ডবল খেলার মাঠ একে দেখানো হলো :



প্রশ্ন ২২ ৥ হ্যান্ডবল খেলার যেকোনো পাঁচটি আইন লেখ।

[সরকারি জুবিলী উচ্চ বিদ্যালয়, সুনামগঞ্জ]

উত্তর : হ্যান্ডবল একটি আন্তর্জাতিক খেলা। পৃথিবীর বিভিন্ন দেশে নির্দিষ্ট কিছু আইন মেনে এই খেলাটি অনুষ্ঠিত হয়ে থাকে। নিচে এই খেলার পাঁচটি আইন লেখা হলো :

১. হ্যান্ডবল মাঠের দৈর্ঘ্য ৪০ মিটার এবং প্রস্থ ২০ মিটার। ৪০ মিটার লাইনকে সাইড লাইন বা পার্শ্বরেখা এবং ২০ মিটার লাইনকে প্রান্তরেখা বা গোললাইন বলে।
২. প্রতিটি গোলপোস্ট লম্বায় ৩ মিটার। উচ্চতা ভূমি হতে ক্রসবারের নিচ পর্যন্ত ২ মিটার। গোলপোস্ট ও ক্রসবার ৮ × ৮ সেন্টিমিটার ব্যাসযুক্ত বর্গাকার হবে।
৩. খেলার সময়সীমা হবে ২৫ + ১০ + ২৫ মিনিট।
৪. নির্ধারিত সময়ে খেলা অমীমাংসিত থাকলে অতিরিক্ত ৫ মিনিট করে অর্থাৎ মোট ১ + ৫ মিনিট খেলা হবে। এরপরও যদি ড্র থাকে, তাহলে আবার ৫ + ১ + ৫ মিনিট খেলা চলবে।
৫. খেলোয়াড়রা বাহু, মাথা, দেহ, উরব ও হাঁটু দিয়ে বলকে ধরতে, থামাতে বা আঘাত করতে পারবে না। বল ৩ সেকেন্ডের বেশি ধরে রাখতে বা ৩ পদবেপের বেশি এগুতে পারবে না। হাঁটুর নিচের অংশ দিয়ে বল স্পর্শ করলে শাস্তিস্বরূপ প বিপদ দল ফ্রি থ্রো পাবে।

প্রশ্ন ২৩ ৥ বাস্কেটবল খেলার গোলপোস্টে বল ছোড়া এবং বল কাটিয়ে নিয়ে যাওয়ার কৌশল ব্যাখ্যা কর।

উত্তর : বাস্কেটবল খেলার জন্য দম, দৌড়বার ও জাম্প দেওয়ার রমতা এবং সেই সাথে শরীরের বিপ্রতা প্রয়োজন। বাস্কেটবল খেলার মৌলিক কৌশলগুলো হলো : বল ধরা, বল পাস দেওয়া, গোলপোস্টে বল ছোড়া, বল কাটিয়ে নিয়ে যাওয়া এবং বাধা দেয়া। বাস্কেটবল খেলায় ভালো করার জন্য এই কৌশলগুলো খুব ভালোভাবে আয়ত্ত করতে হয়। নিচে গোলপোস্টে বল ছোড়া এবং বল কাটিয়ে নিয়ে যাওয়ার কৌশল ব্যাখ্যা করা হলো :

গোলপোস্টে বল ছোড়া : হ্যান্ডবলে গোল করতে হলে বল ছুড়ে মারাটাকে ভালোভাবে রপ্ত করতে হবে। বল ছুড়ে গোল করাটা বেশ কঠিন ব্যাপার। কারণ একটি নির্দিষ্ট সীমানার বাইরে থেকেই গোল করতে হয়

ও গোলার আকারটাও বেশ ছোট। তবে হ্যান্ডবল খেলতে গেলে চটপটে হতে হবে। সেই সাথে গতিবেগ, বিপ্রতা, নমনীয়তা অবশ্যই থাকতে হবে। বলকে বিচ্ছিন্নভাবে ছুড়ে গোল করা যায়। যেমন : সরাসরি ছুড়ে মারা, পাস দিয়ে ছুড়ে মারা, লাফিয়ে মারা, বলকে মাটিতে মেরে উঠানো ইত্যাদি।

বল কাটিয়ে নিয়ে যাওয়া : হ্যান্ডবলকে হাতে করে তিন স্টেপের বেশি নিয়ে যাওয়া যায় না। তাই আয়ত্তে রাখতে হলে বলকে অবশ্যই মাটিতে ড্রপ দিয়ে তুলতে হবে অর্থাৎ বাউন্স করাতে হবে। এভাবে যতবধি খুশি বলকে কাছে রাখা যেতে পারে। এক হাতেই বলকে বাউন্স করানো যায়। বলকে বাউন্স করাতে করাতে বিপবকে কাটিয়ে এগিয়ে যাওয়া যেতে পারে।

প্রশ্ন ২৪ ৥ হকি খেলার ইতিহাস লেখ। এই খেলায় খেলোয়াড় কী কী করতে পারে না লেখ।

উত্তর : হকি খেলার ইতিহাস : যতদূর জানা যায় খ্রিস্টপূর্ব দুই হাজার বছর আগে পারস্য দেশে হকি খেলার মতো এক প্রকার খেলার প্রচলন ছিল। পরে পারস্য থেকে গ্রিসে ও গ্রিস থেকে রোমে তা প্রচলিত হয়। পরে ফ্রান্সের লোকেরা 'হকেট' নামে খেলা শুরুর করেন। হকেট একটি ফরাসি শব্দ, যার অর্থ মেঘপালকের লাঠি। আরও অনেক পরে ইংল্যান্ডের লোকেরা ফ্রান্সের কাছ থেকে এই খেলা শিখে হকে নাম দিয়ে খেলতে শুরুর করে। ইংরেজি উচ্চারণ অনুযায়ী পরবর্তীতে এই খেলা হকি নামে সারা বিশ্বে ছড়িয়ে পড়ে। ১৯২৪ সালে আন্তর্জাতিক হকি ফেডারেশন গঠিত হয়। অলিম্পিকে পুরুষদের হকি ১৯০৮ সালে এবং মহিলাদের হকি ১৯৮০ সালে প্রথম অন্তর্ভুক্ত হয়। ১৯৫৮ সালে এশিয়ান গেমসে হকি অন্তর্ভুক্ত হয়। প্রথম বিশ্বকাপ হকি প্রতিযোগিতা শুরুর হয় ১৯৭১ সালে। ১৯৭২ সালে বাংলাদেশ হকি ফেডারেশন গঠিত হয়।

হকি খেলায় খেলোয়াড়ের জন্য নিষিদ্ধ কাজ : হকি খেলার আন্তর্জাতিক আইন অনুযায়ী এই খেলা চলাকালীন সময় একজন খেলোয়াড়—

১. বল খেলার সময় ইচ্ছাকৃতভাবে পেছনের দিকে স্টিক তুলতে পারবে না।
২. বল খেলার সময় স্টিকের কোনো অংশ কাঁধের উপরে তুলতে পারবে না।
৩. বিপব খেলোয়াড়কে হিট, হুক, চার্জ, স্টিক দিয়ে আঘাত করতে পারবে না।
৪. বিপব খেলোয়াড়ের হাত বা কাপড় ধরে রাখতে পারবে না।

প্রশ্ন ২৫ ৥ হকি খেলার যে কোনো পাঁচটি আইন লেখ।

উত্তর : হকি একটি আন্তর্জাতিক খেলা। এই খেলার নির্দিষ্ট কিছু আইন আছে যা মেনে চলা খেলোয়াড়দের জন্য একান্ত আবশ্যিক। নিচে এরূপ পাঁচটি আইন উল্লেখ করা হলো :

১. **মাঠ :** হকি খেলার মাঠের দৈর্ঘ্য ৯১.৪০ মিটার (১০০ গজ) এবং প্রস্থ ৫৫.০০ মিটার (৬০ গজ)।
২. **ফ্লাগ পোস্ট :** মাঠের প্রতি কর্ণারে একটি করে ফ্লাগ পোস্ট থাকবে। ফ্লাগ পোস্টের উচ্চতা কমপক্ষে ১.২০ মিটার ও সর্বোচ্চ ১.৫০ মিটার।
৩. **বল :** বলের ওজন ১৫৬ গ্রাম হতে ১৬৩ গ্রাম পর্যন্ত হতে পারে। বলের পরিধি ২২৪ মি.মি. হতে ২৩৫ মি.মি. বলের রং হবে সাদা।
৪. **স্টিক :** ৫১ মিলিমিটার ব্যাসের একটি রিং স্টিকের ভিতর দিয়ে চলে এলে স্টিকটি বৈধ বলে বিবেচিত হবে। স্টিকের ওজন ৭৩৭ গ্রামের বেশি হবে না।
৫. **খেলোয়াড় :** প্রত্যেক দলে ১৬ জনের বেশি খেলোয়াড় থাকতে পারবে না। খেলা চলাকালীন ১১ জন খেলোয়াড়ের বেশি মাঠে খেলতে পারবে না।

প্রশ্ন ২৬ ৥ হকি খেলায় ফ্রি হিট প্রদানের কারণ এবং প্রক্রিয়া লেখ।

উত্তর : হকি খেলায় ফ্রি হিট প্রদানের কারণ : হকি খেলায় নির্দিষ্ট কিছু কারণে ফ্রি হিট দেওয়া হয়। নিচে এই কারণগুলো উল্লেখ করা হলো :

১. আক্রমণকারী খেলোয়াড় বিপবের ২৩ মিটার (২৫ গজ) এলাকার মধ্যে আইন ভঙ্গ করলে।

২. রবণকারী খেলোয়াড় তাদের শ্যুটিং সার্কেলের বাইরে ২৩ মিটার এলাকার মধ্যে অনিচ্ছাকৃতভাবে আইন ভঙ্গ করলে।

৩. ২৩ মিটার এলাকার মধ্যে যেকোনো ধরনের অপরাধ করলে।

ফ্রি হিট করার প্রক্রিয়া : হকি খেলার ফ্রি হিট করার প্রক্রিয়া নিচে দেওয়া হলো :

১. বলটি অবশ্যই স্থির থাকবে।
২. সূচনাকারী বলটি পুশ অথবা হিট করতে পারবে।
৩. বলটি ইচ্ছাকৃতভাবে উঠিয়ে খেলা যাবে না।
৪. বিপব খেলোয়াড় বল হতে ৫ মিটার দূরত্বের ভিতরে অবস্থান করতে পারবে না।

প্রশ্ন ২৭ ৥ হকি খেলার যেকোনো তিনটি মৌলিক কৌশল বর্ণনা কর।

উত্তর : হকি খেলার মূল কৌশল ছয়টি। যথা : ১. হিট, ২. স্টপিং, ৩. পুশ, ৪. ফ্লিক; ৫. স্কুপ ও ৬. ড্রিবলিং। হকি খেলায় ভালো করার জন্য এই মৌলিক কৌশলগুলো ভালোভাবে আয়ত্ত করতে হয়। নিচে স্টপিং, পুশ ও ড্রিবলিং কৌশল বর্ণনা করা হলো :

১. **স্টপিং :** আসন্ন বল আয়ত্তে আনা এবং পূর্ণ নিয়ন্ত্রণ অর্জন করার জন্য যে কৌশল প্রয়োগ করা হয়, তাকে স্টপিং বা ট্রাপিং বলে। এ সময় বাম হাত দিয়ে স্টিকের উপরিভাগ এবং ডান হাত দিয়ে মাঝামাঝি অংশ ধরতে হয়। স্টিকের সমতল অংশ বলের দিকে ফেরানো থাকে। দুই পা পৃথক ও পাশাপাশি অবস্থান করে। শরীরের ভর পায়ের উপর থাকে এবং দৃষ্টি বলের ওপর থাকে।

২. **পুশ :** বলের সাথে স্টিক লাগিয়ে কোনো শব্দ না করে প্রয়োজনীয় গতিমাত্রা প্রয়োগের মাধ্যমে বলটি মাঠে ঘেঁষে গড়িয়ে দেয়াকে পুশ বলে। এ সময় বাম হাত দিয়ে স্টিকের উপরের অংশে ধরতে হবে। ডান হাতের সাহায্যে স্টিকের প্রায় মধ্যভাগে ধরবে। বাম পা সামনে এবং ডান পা পেছনে থাকবে।

৩. **ড্রিবলিং :** বলসহ সামনে এগিয়ে যাওয়াকে ড্রিবলিং বলে। বিপবকে ধোঁকা দেয়া এবং বিপবের গোলপোস্টের দিকে বল এগিয়ে নেয়ার জন্য ড্রিবলিং কার্যকর কৌশল।

প্রশ্ন ২৮ ৥ সাঁতারের সর্ধ্বিত ইতিহাস লেখ এবং সাঁতার অনুশীলনের সময় কী কী সতর্কতা মেনে চলতে হয় লেখ।

উত্তর : সাঁতারের ইতিহাস : বর্তমানে যে ধরনের সাঁতার আমরা দেখতে পাই, সে সাঁতার প্রথমে ইংরেজরা শুরুর করে। সুইমিং শব্দ ইংরেজি সুইমিন থেকে এসেছে। ১৮৩৭ সালে লন্ডনে প্রথম প্রতিযোগিতামূলক সাঁতার অনুষ্ঠিত হয়। অলিম্পিকে ১৮৯৬ সাল থেকে পুরুষদের ও ১৯১২ সাল থেকে মহিলাদের সাঁতার অন্তর্ভুক্ত হয়। ১৯০৮ সালে সাঁতারের আন্তর্জাতিক সংস্থা FINA (Federation International de Nation Amateur) গঠিত হয়। ১৯৭২ সালে বাংলাদেশ সুইমিং ফেডারেশন প্রতিষ্ঠিত হয়। সাঁতারের সাহায্যে দেহের সকল অঙ্গের ব্যায়াম হয় বলে একে পূর্ণাঙ্গ ব্যায়াম বলা হয়। স্বাস্থ্য, জীবন রবা, ক্রীড়া ও আনন্দের জন্য সাঁতার শেখা সবার উচিত।

সাঁতার অনুশীলনের সময় সতর্কতা : সাঁতার অনুশীলনের সময় সম্ভাব্য দুর্ঘটনা এড়াতে একজন সাঁতারবকে নিম্নোক্ত সতর্কতা মেনে চলতে হয়—

১. আবর্জনা ও বিপজ্জনক দ্রব্য মুক্ত করে সাঁতারের জায়গা নিরাপদ করা।
২. অল্প পানি বা অগভীর জায়গা বেছে নেওয়া।
৩. কেউ ডুবে গেলে তুলে আনতে পারে, এমন অভিজ্ঞ একজন সাঁতারবকে কাছে রাখা।
৪. ভাসমান বস্তু কাছে রাখা।
৫. আহর করার দেড় ঘণ্টার মধ্যে বা খালি পেটে সাঁতার অনুশীলন না করা।
৬. সম্ভব হলে লাইফ বোট বা লাইফ জ্যাকেট কাছে রাখা।
৭. লম্বা, মোটা ও শক্ত দড়ি বা বাঁশ কাছে রাখা।

৮. পোশাক পরিবর্তনের কব ও বাধরবম ঠিক আছে কিনা পরীবা করে নেওয়া।

৯. কফ বা থুথু বাইরে ফেলার ব্যবস্থা রাখা।

প্রশ্ন ২৯ ॥ মুক্ত সঁতারের কলাকৌশল বর্ণনা কর।

[বীণাপাণি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ]

উত্তর : মুক্ত সঁতার হলো দ্রবতভাবে সঁতার কাটার পদ্ধতি। এ স্টাইলে খুব দ্রবত সঁতার কাটা যায়। নিচে মুক্ত সঁতারের কলাকৌশল বর্ণনা করা হলো :

দেহের অবস্থান : দেহটাকে উপুড় করে পানির সমান্তরাল রাখতে হবে। পানির মধ্যে মাথা মাঝে মাঝে পরিবর্তন করতে হয়— কখনো পানির উপর তুলে, আবার কখনো ঘাড়কে কাত করে। সাধারণত যারা কম দূরত্বের সঁতার কাটে, তাদের মাথাটা একটু উপরের দিকে থাকে। আবার যারা মাঝারি বা লম্বা সঁতার কাটে তাদের মাথাটা নিচের দিকে থাকে।

হাতের প্রক্রিয়া :

১. খাড়াভাবে হাতটাকে সোজা সামনে নিয়ে যেতে হবে।
২. হাতকে সোজা শরীরের পাশ দিয়ে ঘুরিয়ে পানির সমান্তরালে রেখে সামনে এগিয়ে নিয়ে যেতে হবে।
৩. যখন হাতটা মাথার সামনের পানি স্পর্শ করবে, ঠিক তখনই পানির ভিতর হাতের কাজ শুরব হবে।
৪. হাতটা পানির ভিতর নিয়ে প্রথমে পানি টানতে হবে, পরে পিছনের দিকে ঠেলা দিতে হবে। এভাবে এক হাতের পর অন্য হাত অর্থাৎ ডান হাতের পর বাম হাতে পানি কেটে চলতে থাকবে।

পায়ের প্রক্রিয়া :

১. পায়ের কাজ কোমর থেকেই শুরব হয়। একের পর এক ডান পা ও বাম পা ওঠানামা করে সামনে এগোবে।
২. হাঁটুর কাছ থেকে পা ঝুঁক করতে হবে এবং পায়ের পাতা সোজা থাকবে।
৩. পায়ের গোড়ালি পানির উপরে আসবে না। পায়ের পাতা দিয়ে যখন পানিতে চাপ দেবে, তখন সেটা ১৮° পরিমাণ পানির নিচে যাবে।
৪. মনে রাখতে হবে, দুই হাতে একবার ঘুরে আসার মধ্যে ৬ থেকে ১২ বার পায়ের পরিচালনা করা হয়।

প্রশ্ন ৩০ ॥ চিং সঁতারের নিয়মাবলি লেখ।

উত্তর : প্রতিযোগিতামূলক চার প্রকার সঁতারের মধ্যে চিং সঁতার অন্যতম। অন্যান্য পদ্ধতির মতো এই পদ্ধতিতে সঁতার কাটার বেত্রে নির্দিষ্ট কিছু নিয়ম রয়েছে। নিচে চিং সঁতারের নিয়মাবলি বর্ণনা দেওয়া হলো :

১. চিং সঁতার পানিতে নেমে হাতল ধরে আরম্ভ করতে হয়।
২. চিং সঁতার চিং হয়ে কাটতে হয়।
৩. পা পানির নিচে সাধারণত ১৮–২৪ ইঞ্চি যায়।
৪. সঁতারের সময় অন্যের লেনে যাওয়া যাবে না।
৫. চিং সঁতারে পায়ের কিক হবে কোমর থেকে।
৬. চিং সঁতারে শরীরের যেকোনো অংশ দিয়ে ঘূর্ণন করা যাবে। তবে চিং অবস্থায়।
৭. এই সঁতারে শরীরের যেকোনো অংশ স্পর্শ করে সঁতার সমাপ্ত করা যাবে, তবে চিং অবস্থায়।

প্রশ্ন ৩১ ॥ বুক সঁতারের নিয়মাবলি লেখ।

উত্তর : প্রতিযোগিতামূলক চার প্রকার সঁতারের মধ্যে বুক সঁতার অন্যতম। অন্যান্য পদ্ধতির মতো এই পদ্ধতিতে সঁতার কাটার বেত্রে নির্দিষ্ট কিছু নিয়ম রয়েছে। নিচে বুক সঁতারের নিয়মাবলি বর্ণনা দেওয়া হলো :

১. ‘ডাইভ’ দিয়ে সঁতার আরম্ভ করতে হবে।
২. ‘টানিং ও ফিনিশিং’-এর সময় একসাথে দুই হাত দিয়ে সমাপ্তি ওয়াল স্পর্শ করতে হবে।
৩. সঁতারের পূর্ণ সময় বুকের উপর শরীরের ভার থাকবে।
৪. অন্য প্রতিযোগীর লেনে গিয়ে বাধার সৃষ্টি করতে পারবে না।
৫. পানির নিচ দিয়ে সঁতার দেওয়া যাবে না।
৬. পা উপরে—নিচে তুলে সঁতারানো যাবে না।

৭. উভয় হাত ও উভয় পা একই সময় এবং একই কায়দায় সঞ্চালন করতে হবে।

প্রশ্ন ৩২ ॥ বুক সঁতারের কলাকৌশল বর্ণনা কর। [রংপুর জিলা স্কুল]

উত্তর : বুক সঁতার এক প্রকার প্রতিযোগিতামূলক সঁতার। এই সঁতারে ভালো করার জন্য সঁতারবদের নির্দিষ্ট কিছু কলাকৌশল বারবার অনুশীলন করে আয়ত্তে আনতে হয়। নিচে বুক সঁতারের কলাকৌশল বর্ণনা করা হলো :

দেহের অবস্থান : বুক সঁতার কাটার সময় দেহটাকে প্রায় পানির সমান্তরাল রাখতে হয়। পিছনের অংশ পানির সমান্তরাল থেকে ১০ ডিগ্রির মতো পানি নিচের দিকে থাকে।

হাতের প্রক্রিয়া : দুই হাতকে পানির মধ্যে একসঙ্গে নিতে হবে। হাতের তালু একটু নিচে ও বাইরের দিকে রাখতে হয়। কনুই তেঙে দুই হাত দিয়ে নিচের দিকে চাপ দিতে হয় এবং হাত দুটো বুকের সামনে আসার সাথে সাথে সামনের দিকে নিয়ে যেতে হয়। হাত চালানোটা অনেকটা হুৎপিন্ডের আকারের মতো হয়। ঘোরা (টানিং) এবং সঁতার শেষ করার (ফিনিশিং) সময় দুই হাত দিয়ে একই সাথে দেয়াল স্পর্শ করতে হবে।

পায়ের প্রক্রিয়া : পা দুটো দিয়ে হাঁটু তেঙে পানিতে ব্যাঙের মতো পিছনের দিকে লাগি মারতে হয়। পায়ের পাতা বাইরের দিকে রাখতে হয়।

শ্বাসপ্রশ্বাস : মাথা সামনে—উপরে তুলে শ্বাস নিতে হয় এবং পানির ভিতরে ছাড়তে হয়।

প্রশ্ন ৩৩ ॥ প্রজাপতি সঁতারের কৌশল বর্ণনা কর।

উত্তর : সঁতার কাটার বিভিন্ন কৌশলের মধ্যে প্রজাপতি সঁতার সবচেয়ে কঠিন। এই সঁতারে সঁতারবকে অনেক পরিশ্রম করতে হয়। এর কলাকৌশল আয়ত্ত করতে সঁতারবকে অনেক অনুশীলন করতে হয়। নিচে প্রজাপতি সঁতারের কৌশল বর্ণনা করা হলো :

দেহের অবস্থান : প্রজাপতি সঁতারে শরীর খুব দ্রবত ওঠানামা করে। পা দ্বারা যখন নিচের দিকে লাগি মারা হয় কোমর তখন উপরের দিকে ওঠে আসে। পুনরায় পানি টানার জন্য হাতকে যখন প্রস্তুত করা হয়, তখন মাথা ও ঘাড় পানির নিচে চলে যায়।

হাতের কাজ : প্রজাপতি সঁতারে দুই হাতের কাজ সব সময় এক সাথে হবে। হাতের কনুইকে বাঁকা এবং উঁচু করে নিচের দিকে এবং বাহিরমুখী করে পানিতে চাপ দিতে হবে। বুকের দুই পাশ থেকে শরীর ঘুরিয়ে বুকের নিচে হাত নিয়ে আসতে হবে এবং পরে পানির নিচে হাতকে কোমর পর্যন্ত নিয়ে যেতে হবে।

পায়ের কাজ : এই সঁতারে পায়ের অবস্থান হবে ডলফিন কিকের মতো। দুই পা সব সময় একত্রে ওঠানামা করবে। শরীর শোয়ানো অবস্থায় পা দুটো একত্রে সোজা করে রাখতে হবে এবং কাঁধের ওপর ভর করে ঢেউ খেলানো ভঙ্গিতে পা সামনের দিকে নিয়ে যেতে হবে।

শ্বাসপ্রশ্বাস : মাথা পানির ওপরে থাকা অবস্থায় মুখ দিয়ে শ্বাস গ্রহণ করতে হয়। শ্বাস গ্রহণের সময় ঘাড় নমনীয় থাকবে।

প্রশ্ন ৩৪ ॥ মিডলে সঁতার কত প্রকার ও কী কী? মিডলে রিলের সঁতারের ধারাবাহিকতা লেখ। [আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা]

উত্তর : মিডলে সঁতারের প্রকারভেদ : মিডলে সঁতার দুই প্রকার। যথা : ১. ব্যক্তিগত মিডলে ও ২. দলগত মিডলে।

মিডলে রিলে সঁতারের ধারাবাহিকতা : মিডলে রিলে সঁতারের নির্দিষ্ট ধারাবাহিকতা বজায় রেখে সঁতারবদের সঁতার কাটতে হয়। মিডলে রিলে সঁতারের ধারাবাহিকতা নিচে বর্ণনা করা হলো :

ব্যক্তিগত মিডলে : ব্যক্তিগত মিডলে সঁতারে সঁতারবকে ৪টি স্টাইলে নির্দিষ্ট দূরত্ব অতিক্রম করতে হয়। প্রথম থেকে শেষ পর্যন্ত স্টাইলসমূহ ধারাবাহিকভাবে অনুসরণ করতে হবে—

প্রজাপতি সঁতার; চিং সঁতার; বুক সঁতার; মুক্ত সঁতার

দলগত মিডলে : দলগত মিডলে সাঁতারের চারজন সাঁতারবকে ৪টি স্টাইলের নির্দিষ্ট দূরত্ব অতিক্রম করতে হয়। পর্যায়ক্রমিকভাবে স্টাইলের নাম দেওয়া হলো :

চিৎ সাঁতার; বুক সাঁতার; প্রজাপতি সাঁতার ও মুক্ত সাঁতার

প্রশ্ন ১১ ৩৫ ১ গোলক ধরার কৌশলসহ কীভাবে গোলক নিবেপকারীর একটি সুযোগ নষ্ট হয় বর্ণনা কর।

[ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, রংপুর; রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

উত্তর : গোলক ধরার কৌশল : অ্যাথলেটিকসে ফিল্ড ইভেন্টে যেসব খেলা অন্তর্ভুক্ত গোলক নিবেপ তার মধ্যে অন্যতম। গোলক নিবেপে ভালো করার জন্য সঠিকভাবে গোলক ধরা অতি জরুরি। নিচে গোলক ধরার কৌশল ব্যাখ্যা করা হলো :

১. শটপুটকে প্রথমে বিপরীত হাতে তালুতে রাখতে হবে।
২. যে হাত দিয়ে নিষ্ক্ষেপ করবে সে হাত দিয়ে ধরতে হবে।
৩. ধরার সময় শটপুট রাখতে হবে আঙুলের Base এর সাথে স্পর্শ করে।
৪. নিষ্ক্ষেপ করার সময় সাপোর্ট থাকবে বৃন্দ ও কনিষ্ঠ আঙুলের এবং শক্তি থাকবে অন্য তিন আঙুলের উপরে।

গোলক নিবেপকারীর একটি সুযোগ নষ্টের কারণ : গোলক নিবেপের বেত্রে মোট প্রতিযোগী যদি ৮ জন বা কম হয়, সেবেত্রে প্রত্যেক প্রতিযোগী ৬টি করে নিবেপ করার সুযোগ পাবে। আর প্রতিযোগী যদি ৮ জনের অধিক হয়, সেবেত্রে প্রত্যেক ৩টি করে নিবেপ করার সুযোগ পাবে। তবে নিবেপকারী যদি যথেষ্ট মনোযোগী না হয় তাহলে নিম্নোক্ত কারণে তার একটি সুযোগ নষ্ট হতে পারে—

১. বৃত্তের বাইরে থেকে পদবেপ নিয়ে ভিতরে এসে নিবেপ করলে।
২. গোলকটি সেন্টার লাইনের দাগ স্পর্শ বা বাইরে পড়লে।
৩. নিবেপের সময় নিবেপকারী বৃত্তের বাইরে ভূমি স্পর্শ করলে।
৪. স্টপ বোর্ডে উপরিভাগ স্পর্শ করলে।
৫. নিবেপকারী বৃত্তের সামনের অংশ দিয়ে বের হলে।
৬. নাম ডাকার ৬০ সেকেন্ডের মধ্যে নিবেপ না করলে।

প্রশ্ন ১১ ৩৬ ১ একজন প্রতিযোগী কী কী কারণে দীর্ঘ লাফ ও উচ্চ লাফের সুযোগ হারায় লেখ।

[আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা]

উত্তর : প্রতিযোগিতার সময় ৮ জনের বেশি প্রতিযোগী লাফে অংশগ্রহণ করলে সকল প্রতিযোগীদের ৩টি লাফের সুযোগ দিয়ে দূরত্বের ক্রম অনুসারে প্রথম ৮ জনকে বাছাই করে তাদেরকে পুনরায় আরও ৩টি লাফের সুযোগ দিতে হবে। ৮ জন বা তার কম প্রতিযোগী লাফে অংশগ্রহণ করলে, সকল প্রতিযোগীকে ৬টি করে লাফ দেয়ার সুযোগ দিতে হবে। তবে প্রতিযোগী যদি খেলাধুলার নিয়মকানুনের ব্যাপারে সচেতন না হয় তাহলে তার লাফ দেয়ার সুযোগটি নষ্ট হবে।

দীর্ঘ লাফের সুযোগ হারানোর কারণ : দীর্ঘ লাফ প্রতিযোগিতায় একজন প্রতিযোগী নিম্নোক্ত কারণে তার একটি সুযোগ হারায়—

১. প্রতিযোগী টেক অফ বোর্ডের সামনের ভূমি স্পর্শ করলে।
২. টেক অফ বোর্ডের বাইরে দিয়ে লাফ দিলে।
৩. ল্যান্ডিংয়ের পূর্বে ল্যান্ডিং এরিয়ার বাইরের মাটি স্পর্শ করলে।
৪. লাফ শেষ করার পর পিছনের দিকে হেঁটে আসলে।
৫. সামার স্ট বা দুই পায়ে টেক অফ দিয়ে লাফ দিলে।
৬. নাম ডাকার ৬০ সেকেন্ডের মধ্যে লাফ দিতে ব্যর্থ হলে।

উচ্চ লাফের সুযোগ হারানোর কারণ : উচ্চ লাফের একজন প্রতিযোগী নিম্নোক্ত কারণে তার একটি সুযোগ হারায়—

১. নাম ডাকার ৬০ সেকেন্ডের মধ্যে লাফ দিতে ব্যর্থ হলে।
২. জাম্প করার ক্রসবার পড়ে গেলে।
৩. জাম্প করতে এসে জাম্প না করে ক্রসবারের নিচ দিয়ে অতিক্রম করলে।

৪. দুই পার্শ্বের স্ট্যান্ডের বাইরে শরীরের অংশ চলে গেলে।

প্রশ্ন ১১ ৩৭ ১ চাকতি ধরার কৌশল ও চাকতি নিবেপে অকৃতকার্য হওয়ার কারণ লেখ।

উত্তর : চাকতি নিবেপ ফিল্ড ইভেন্টের নিবেপ বিভাগের একটি খেলা। এই খেলায় ভালো করার জন্য চাকতি ধরা ও নিবেপ করার কৌশল ভালোভাবে আয়ত্ত করতে হয়। নিচে চাকতি ধরার কৌশল ও চাকতি নিবেপে অকৃতকার্য হওয়ার কারণ উল্লেখ করা হলো :

চাকতি ধরার কৌশল :

- ক. প্রথমে বিপরীত হাতে চাকতি রাখতে হবে।
- খ. মসৃণ পিঠ উপরে থাকবে।
- গ. যে হাতে নিবেপ করা হবে, সে হাতের মাধ্যমে তিন আঙুলের প্রথম ভাঁজে চাকতি আঁকড়িয়ে ধরতে হবে।
- ঘ. আঙুলগুলো ফাঁকা করে রাখতে হবে।

চাকতি নিবেপে অকৃতকার্য হওয়ার কারণ : নিম্নোক্ত কারণে একজন প্রতিযোগী চাকতি নিবেপে অকৃতকার্য হতে পারে—

- ক. চাকতিটি সেন্টার লাইন স্পর্শ করলে বা বাইরে পড়লে।
- খ. নিবেপকারী নিবেপের সময় বৃত্তের বাইরের ভূমি স্পর্শ করলে।
- গ. নিবেপের পর নিবেপকারী বৃত্তের সামনের অংশ দিয়ে বের হলে।
- ঘ. লোহার পাতের ওপরের অংশ স্পর্শ করলে।
- ঙ. বৃত্তের ভিতর থেকে নিবেপ না করলে।
- চ. নাম ডাকার ৬০ সেকেন্ডের ভিতর নিবেপ না করলে।

প্রশ্ন ১১ ৩৮ ১ টাই কী? উচ্চতার টাই ভাঙার নিয়ম ছকসহ ব্যাখ্যা কর।

উত্তর : টাই : টাই অর্থ সমতা বা সমান। যখন একাধিক প্রতিযোগী একই উচ্চতা বা একই দূরত্ব অতিক্রম করে, তখন টাই হয়। টাই শুধু প্রথম স্থান নির্ধারণের জন্য করতে হয়। ২য় ও ৩য় স্থান যৌথভাবে দেয়া হয়।

উচ্চতার টাই ভাঙার নিয়ম : উচ্চতার টাই ভাঙার নিয়ম নিচে বর্ণনা করা হলো :

১. যে উচ্চতায় টাই হয়েছে, সে উচ্চতায় যে কম চেফ্টায় অতিক্রম করেছে সে প্রথম হবে।
২. উপরের নিয়মে টাই না ভাঙলে ১ম থেকে শেষ পর্যন্ত যার ক্রস কম সে ১ম হবে।
৩. এর পরেও যদি টাই না ভাঙে তাহলে উচ্চতা বাড়িয়ে বা কমিয়ে লাফ দেওয়াতে হবে, যে অতিক্রম করবে সে বিজয়ী হবে। এখানে প্রতিযোগীগণ ১টি করে লাফের সুযোগ পাবে। নিম্নে ছক ঐক্রে দেখানো হলো।

প্রতিযোগী	উচ্চতা					অকৃত কার্য	পুনরায় লাফ			স্থান	
	১.৭৫ মি:	১.৮০ মি:	১.৮৪ মি:	১.৮৮ মি:	১.৯১ মি:		১.৯৪ মি:	১.৯১	১.৮৯		১.৯১
ক	০	×০	০	×০	×××	-	২	×	০	×	২
খ	-	×০	-	×০	-	×××	২	×	০	০	১
গ	-	০	×০	×০	×××	-	২	×	×	-	৩
ঘ	×০	০	×০	×০	×××	-	৩	-	-	-	৪

০ অতিক্রম করা × অকৃতকার্য - লাফ দেয়নি।

এখানে দেখা যাচ্ছে, ১.৯১ মি. উচ্চতা কেউই পার হতে পারেনি। ১.৮৮ মি. উচ্চতা সবাই দ্বিতীয় চেফ্টায় অতিক্রম করেছে। টাই সমাধানের ২নং সূত্রমতে দেখতে হবে ক্রস কম কার। ক্রসও তিনজনের ২টি করে অর্থাৎ ২নং সূত্রমতেও টাই ভাঙে না। এখন ৩নং সূত্র অনুসরণ করতে হবে। ৩য় সূত্রমতে ঐ তিনজন প্রতিযোগীকে পুনরায় ১টি লাফ দিতে হবে।

এখানে দেখা যাচ্ছে, ১.৮৯ মি. উচ্চতা ক এবং খ অতিক্রম করেছে। এ দুজনের মধ্যে আবার টাই হয়েছে। বার উপরে তুলে ১.৯১ মি. উচ্চতায়

ঐ দুই জন ১টি করে লাফ দিয়ে ক অকৃতকার্য হয়েছে এবং খ অতিক্রম করেছে। তাহলে ফলাফল হলো। খ-১ম, ক-২য়, গ-৩য় ও ঘ-৪র্থ।